

প্রেস বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে বর্ণাঢ্য আয়োজনে ‘কৃষিবিদ দিবস ২০২৪’ পালিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বর্ণাঢ্য আয়োজনে ‘কৃষিবিদ দিবস ২০২৪’ পালিত হয়েছে। এ উপলক্ষে আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি ২০২৪) শোভাযাত্রা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার বিভাগের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

বিজ্ঞান অনুষদের ডিন এবং এগ্রিকালচার বিভাগের চেয়ারম্যান কৃষিবিদ অধ্যাপক ড. মো. আতিকুর রহমান ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। দিবসটি উপলক্ষে ‘বঙ্গবন্ধুর অবদান, কৃষিবিদ ক্লাস ওয়ান’ শ্লোগানকে প্রতিপাদ্য করে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। র্যালি শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পাঞ্জলি অর্পণ করা হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর কৃষিবিদ অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান, জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক এবং এগ্রিকালচার বিভাগের অধ্যাপক কৃষিবিদ ড. গাজী মো. মহসিন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হলের প্রভোস্ট কৃষিবিদ ড. মেহেদী হাসান রুবেল, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট কৃষিবিদ ড. কাওসার হোসেন, নোবিপ্রবি কৃষিবিদ দিবস উদযাপন কমিটির আহবায়ক কৃষিবিদ অধ্যাপক ড. পীযুষ কান্তি ঝাঁ এবং কৃষিবিদ দিবস উদযাপন কমিটির সদস্য সচিব কৃষিবিদ মোঃ শরিফুল ইসলাম প্রমুখ। কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করে।

এসময় সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন কৃষিবিদ অধ্যাপক ড. মো. আতিকুর রহমান ভূঞা বলেন, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনুধাবন করেছিলেন কৃষির উন্নতিই হচ্ছে কৃষকের অর্থনৈতিক মুক্তি। বর্তমানে কৃষিতে দেশের যে অনন্য সাফল্য তা বঙ্গবন্ধুর চিন্তা ও কর্মপরিকল্পনার ধারাবাহিকতা। বঙ্গবন্ধুর অবদানে কৃষিবিদরা আজ মর্যাদার আসনে প্রতিষ্ঠিত। কৃষিবিদদের গবেষণা ও উৎপাদন কলাকৌশলের উন্নয়নের জন্য দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

নোবিপ্রবি প্রক্টর কৃষিবিদ অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান তার বক্তব্যে বলেন, আজকের এই দিনে শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, বাঙ্গালির রাখাল রাজা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। যার জন্ম না হলে কৃষিবিদরা পেতো না তাদের প্রাপ্য সম্মান। বঙ্গবন্ধুর একক প্রচেষ্টায় কৃষিবিদরা চাকরিতে প্রথম শ্রেণীর পদমর্যাদা পায়। আজকের আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালের ১৩ ফেব্রুয়ারি কৃষিবিদদের চাকরিতে প্রথম শ্রেণীর পদমর্যাদা দেন। প্রতিবছর ১৩ ফেব্রুয়ারি ‘কৃষিবিদ দিবস’ হিসেবে পালন করা হয়।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়